

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৫.২০১৫- ২৫

তারিখঃ ১২.০১.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মিনা মন্ডল (১২৯৩২৫), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফকিরহাট, বাগেরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মিনা মন্ডল (১২৯৩২৫), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফকিরহাট, বাগেরহাট প্রায়শঃ কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং আপনি বহির্বিভাগের রোগীদের ব্যবস্থাপনায় অনৈতিকভাবে শর্ট স্লিপের মাধ্যমে সরকার কর্তৃক প্রদেয় ঔষধের বাইরের ঔষধ/ব্যবস্থাপনায় দিয়ে থাকেন। উক্ত কারণে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফকিরহাট, বাগেরহাট আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করলে আপনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে অসৌজন্যমূলক এবং শিষ্টাচারবহির্ভূত আচরণ করেন যা আপনার পদমর্যাদা অনুযায়ী গ্রহণযোগ্য নয়;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্রমে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দস্ত প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনজিপি)
অতিরিক্ত সচিব

ডাঃ মিনা মন্ডল (১২৯৩২৫)
সহকারী সার্জন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
ফকিরহাট, বাগেরহাট।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৫.২০১৫- ২৫/১ (৫)

তারিখঃ ১২.০১.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিডিল সার্জন, বাগেরহাট।
- ৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফকিরহাট, বাগেরহাট।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মিনা মন্ডল (১২৯৩২৫), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফকিরহাট, বাগেরহাট প্রায়শঃ কর্মস্থলে অনুপস্থিত থাকেন। এছাড়াও তিনি বহির্বিভাগের রোগীদের ব্যবস্থাপত্রে অনৈতিকভাবে শর্ট স্লিপের মাধ্যমে সরকার কর্তৃক প্রদেয় ঔষধের বাইরের ঔষধ/ব্যবস্থাপত্র দিয়ে থাকেন। উক্ত কারণে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফকিরহাট, বাগেরহাট তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করলে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে অসৌজন্যমূলক এবং শিষ্টাচারবহির্ভূত আচরণ করেন যা তার পদমর্যাদা অনুযায়ী গ্রহণযোগ্য নয়। তার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব